

# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন ২০ ডিসেম্বর

বেরোবি প্রতিনিধি



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন। ছবি: কালের কণ্ঠ

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামী ২০ ডিসেম্বর। আজ মঙ্গলবার (৭ অক্টোবর) দুপুরে প্রশাসনিক ভবনের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী এ তথ্য জানান।

উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী বলেন, ২০০৮ সালে প্রতিষ্ঠার পর এই প্রথম সমাবর্তনের আয়োজন করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের প্রথম থেকে ১২তম ব্যাচের শিক্ষার্থীরা এতে অংশ নিতে পারবেন।

১২তম ব্যাচের যেসব শিক্ষার্থী অনার্স কিংবা অনার্স-মাস্টার্স শেষ করেছেন, তারাও রেজিস্ট্রেশন করে সমাবর্তনে অংশ নিতে পারবেন।

তিনি জানান, সমাবর্তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন  
পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। সফল আয়োজনের  
জন্য শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিকসহ সংশ্লিষ্ট সবার  
সহযোগিতা কামনা করেন উপাচার্য। এ সময় তিনি বিশ্ববিদ্যালয়ের  
অ্যাকাডেমিক মাস্টারপ্ল্যান প্রসঙ্গেও কথা বলেন।

চলতি মাসেই পূর্ণাঙ্গ মাস্টারপ্ল্যান চূড়ান্ত হবে এবং চলতি বছরের  
মধ্যেই পূর্ণাঙ্গ মাস্টারপ্ল্যান একনেকে অনুমোদন পাবে বলে  
আশাবাদ ব্যক্ত করেন তিনি।

ন



রংপুরে নিষিদ্ধ ছাত্রলীগ নেতা আসিফ গ্রেপ্তার

সংবাদ সম্মেলনে সমাবর্তন ব্যবস্থাপনা কমিটির আহ্বায়ক প্রফেসর  
ড. মো. তাজুল ইসলাম জানান, সমাবর্তনের আনুষ্ঠানিক  
রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হবে আগামী ১২ অক্টোবর  
(বিশ্ববিদ্যালয়ের ১৭তম প্রতিষ্ঠাবার্ষিকীর দিন)।

এ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মো. হারুন-অর রশিদ, ছাত্র  
পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক প্রফেসর ড. মো. ইলিয়াছ  
প্রামানিক, প্রক্টর ড. মো. ফেরদৌস রহমানসহ বিশ্ববিদ্যালয়ে  
কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

